



ব্রসেলা ভ্যাকসিন গবেষণায় পিএইচডি অর্জন গবির ড. জামিনুর রহমানের



ড. জামিনুর রহমান। ছবি: গবি প্রতিনিধি

সাভারের গণ বিশ্ববিদ্যালয় এর ভেটেরিনারি অ্যান্ড অ্যানিমেল সায়েন্সেস অনুষদের অ্যানিমেল প্রোডাকশন বিভাগের বিভাগীয় প্রধান ও সহকারী অধ্যাপক ড. মো. জামিনুর রহমান পিএইচডি ডিগ্রি অর্জন করেছেন। তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়—এর মাইক্রোবায়োলজি অ্যান্ড হাইজিন বিভাগ থেকে এ ডিগ্রি লাভ করেন। ‘Development of Inactivated Brucella Vaccine from Local Brucella Isolates’ শীর্ষক গবেষণায় স্থানীয় ব্রসেলা জীবাণু থেকে নিষ্ক্রিয় ভ্যাকসিন উদ্ভাবনের সম্ভাবনা তুলে ধরা হয়েছে। গবেষণাটি ব্রসেলোসিস প্রতিরোধে কার্যকর ভূমিকা রাখতে পারে বলে সংশ্লিষ্টরা মনে করছেন। তত্ত্বাবধানে ছিলেন অধ্যাপক ড. মো. আরিফুল ইসলাম ও অধ্যাপক ড. মোছা. মিনার খাতুন।

গবেষণাটি পরিচালিত হয় বাংলাদেশ একাডেমি অব সায়েন্সেস এবং United States Department of Agriculture—এর অর্থায়নে। ২০১৯ সালের অক্টোবরে তিনি পিএইচডি ফেলোশিপ লাভ করেন।

নীলফামারীর ডিমলা উপজেলার ডালিয়া গ্রামের সন্তান ড. জামিনুর রহমান হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় থেকে ভেটেরিনারি ও অ্যানিমেল সায়েন্সেস স্নাতক এবং পোল্ট্রি বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। কর্মজীবনে তিনি বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠান ও প্রাণিসম্পদ খাতে কাজ করেছেন। জাতিসংঘের Food and Agriculture Organization—এর বার্ড ফ্লু প্রকল্পে ভেটেরিনারি সার্জন হিসেবেও দায়িত্ব পালন করেন।

পিএইচডি অর্জন প্রসঙ্গে ড. জামিনুর রহমান বলেন, “দীর্ঘদিনের পরিশ্রম ও গবেষণার ফল হিসেবে এই ডিগ্রি অর্জন করতে পেরে মহান আল্লাহর কাছে শুকরিয়া জানাই। আমি চাই, আমার গবেষণার ফল দেশীয় প্রাণিসম্পদ খাত ও জনস্বাস্থ্যের উন্নয়নে কাজে লাগুক।”

শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি আরও বলেন, “আমার পিএইচডি ডিগ্রি অর্জনের ক্ষেত্রে অর্জিত গবেষণার দক্ষতা শিক্ষার্থীদের মাঝে উৎসর্গ করতে চাই, যেন আমার শিক্ষার্থীরা গবেষণা পদ্ধতির অংশ হিসেবে গবেষণার তথ্য সংগ্রহ ও বিশ্লেষণের ধরন আয়ত্ত করতে পারেন এবং গবেষণাকার্যের বিভিন্ন চ্যালেঞ্জ ও জার্নালে প্রকাশনার প্রক্রিয়া রঙ করতে পারেন।”

এ অর্জনে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ, সহকর্মী ও পরিবারের সদস্যদের প্রতি কৃতজ্ঞতা জানান তিনি।